# ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ১০০

## আরবি মূল আয়াত:

مَن اَعرَضَ عَنهُ فَاِنَّهٗ يَحمِلُ يَومَ القِيٰمَةِ وِزرًا ﴿١٠٠﴾

## অনুবাদসমূহ:

তা থেকে যে বিমুখ হবে, অবশ্যই সে কিয়ামতের দিন পাপের বোঝা বহন করবে। — আল-বায়ান

যে তাথেকে মুখ ফিরিয়ে নেবে, কিয়ামাতের দিন সে (পাপের) বোঝা বহন করবে। — তাইসিরুল

এটা হতে যে বিমুখ হবে সে কিয়ামাত দিবসে মহাভার বহন করবে। — মুজিবুর রহমান

Whoever turns away from it - then indeed, he will bear on the Day of Resurrection a burden, — Sahih International

১০০. এটা থেকে যে বিমুখ হবে, অবশ্যই সে কিয়ামতের দিন মহাভার বহন করবে।(১)

(১) এখানে বলা হয়েছে, যে ব্যক্তি কুরআন থেকে মুখ ফিরিয়ে নেয়, কেয়ামতের দিন সে বিরাট পাপের বোঝা বহন করবে। তবে আয়াতে বর্ণিত কুরআন থেকে মুখ ফিরিয়ে নেয়া বিভিন্নভাবে হতে পারে; যথা- কুরআনের উপর মিথ্যারোপ করা, এর আদেশ নিষেধের আনুগত্য করা থেকে মুখ ফিরিয়ে থাকা। কুরআন ছাড়া অন্য কিতাবে হেদায়াতের তালাশ করা। সুতরাং যে তা করবে। আল্লাহ্ তাকে পথভ্রষ্ট করবেন, তাকে জাহান্নামের পথে ধাবিত করবেন। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(১০০) যে কেউ এ হতে মুখ ফিরিয়ে নেবে,[1] ফলতঃ সে কিয়ামতের দিন (মহাপাপের) বোঝা বহন করবে। [2]

[1] অর্থাৎ এর প্রতি ঈমান আনবে না এবং এতে যা কিছু লিপিবদ্ধ রয়েছে তার উপর আমলও করবে না।

[2] অর্থাৎ মহাপাপের বোঝা বহন করবে, কারণ তার আমলনামা পুণ্য থেকে খালি ও পাপে পরিপূর্ণ থাকবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2448

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন